# পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

**পিজিসিবি ভবন, আফতাব নগর, বাড্ডা, ঢাকা-১২১২।**

স্মারক নং- ২৭.২১.০০০০.২০১.১১.০০২.২১. ৫৯৬৪

তারিখঃ ২৯/১১/২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড দেশব্যাপী জাতীয় বিদ্যুৎ গ্রিড পরিচালন, সংরক্ষণ ও উন্নয়ন কাজে নিয়োজিত। পিজিসিবিতে নিয়োগযোগ্য শূণ্য পদের বিপরীতে নিম্নোক্ত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | জুনিয়র হিসাব সহকারী<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ০৯ জন | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে (হিসাব/অর্থ) কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (অনার্স)/সমমান ডিগ্রী (বাণিজ্য)।<br>(খ) কম্পিউটার শিক্ষায় দক্ষতাসহ কমপক্ষে বাংলায় ৩০ /মিনিট এবং ইংরেজীতে ৪০/মিনিট টাইপিং দক্ষতা থাকতে হবে। |
| ২ | জুনিয়র ব্যক্তিগত সচিব<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল- ২৩,০০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ১৫ জন | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে (যে কোন বিষয়) কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (অনার্স)/সমমান ডিগ্রী।<br>(খ) কম্পিউটার শিক্ষায় দক্ষতাসহ কমপক্ষে বাংলায় ৩০/মিনিট এবং ইংরেজীতে ৪০/মিনিট টাইপিং দক্ষতা থাকতে হবে। |
| ৩ | জুনিয়র ভান্ডার রক্ষক<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ০৩ জন | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে (যে কোন বিষয়) কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (অনার্স)/সমমান ডিগ্রী।<br>(খ) কম্পিউটার শিক্ষায় দক্ষতাসহ কমপক্ষে বাংলায় ৩০/মিনিট এবং ইংরেজীতে ৪০/মিনিট টাইপিং দক্ষতা থাকতে হবে। |
| ৪ | জুনিয়র নিরাপত্ত পরিদর্শক<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ১৫ জন | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে (যে কোন বিষয়) কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (অনার্স)/সমমান ডিগ্রী।<br>(খ) কম্পিউটার শিক্ষায় দক্ষতাসহ কমপক্ষে বাংলায় ৩০/মিনিট এবং ইংরেজীতে ৪০/মিনিট টাইপিং দক্ষতা থাকতে হবে। |
| ৫ | কারিগরী সহায়ক<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল-১৪,৫০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ২০০ জন | (ক) কারিগরী শিক্ষাবোর্ড হতে জেনারেল ইলেকট্রনিক্স/জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেনেন্সে ওয়ার্কস/কম্পিউটার ও তথ্য প্রযুক্তি/প্ল্যাম্বিং ও পাইপ ফিটিংস এ কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি (কারিগরী) উত্তীর্ণ।<br>অথবা<br>এসএসসি/দাখিল সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কারিগরী শিক্ষাবোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/কম্পিউটার/প্ল্যাম্বিং বিষয়ে ০১ বছর মেয়াদী বেসিক ট্রেড কোর্স সম্পন্ন হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থের অধিকারী হতে হবে। |
| ৬ | অফিস সহায়ক<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল = ১৪,৫০০/- এবং চাকুরী বিধিমতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি | ০৮ জন | (ক) কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/দাখিল সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

নির্দেশাবলী/শর্তাবলীঃ

(১) আগ্রহী প্রার্থীদের অন-লাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন ফরমে নির্ধারিত স্থানে ছবি (300 X 300 pixel) ও স্বাক্ষর (300 X 80 pixel) স্ক্যান করে তা সংযোজন করতে হবে। টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট htpp://pgcb.teletalk.com.bd অথবা পিজিসিবি'র ওয়েব সাইট www.pgcb.gov.bd এ উল্লেখিত নির্ধারিত লিংক এর মাধ্যমে ০৬-১২-২০২১ হতে ২৬-১২-২০২১ তারিখের (রাত্রি ১১:৫৯ ঘটিকা পর্যন্ত) মধ্যে প্রকাশিত "আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী" অনুসরণ পূর্বক আবেদন করা যাবে।

(২) যারা সম্প্রতি উল্লেখিত যোগ্যতার শিক্ষাগত পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, কিন্তু সার্টিফিকেট পাননি/এ্যাপিয়ার্ড (ফলাফল প্রত্যাশী) প্রার্থীদের সংশ্লিষ্ট পদে আবেদন করার প্রয়োজন নেই।

(৩) বর্ণিত পদসমূহে আবেদনের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা টেলিটক বাংলাদেশ লিঃ এর যে কোন মোবাইল সংযোগ হতে এসএমএস এর মাধ্যমে htpp://pgcb.teletalk.com.bd অথবা www.pgcb.gov.bd ওয়েব সাইটে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে।

(৪) বৈদেশিক ইনস্টিটিউট হতে ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে বাংলাদেশের ইউজিসি/সরকারের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে সমতুল্য ডিগ্রীর প্রত্যয়নপত্র প্রয়োজন হবে।

(৩) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না, বেতন গ্রেড ১১ এর ক্ষেত্রে সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে নূন্যতম ২.৮২ ও ৪.০০ স্কেলে নূন্যতম ২.২৫ থাকতে হবে এবং বেতন গ্রেড ১৫ এর ক্ষেত্রে জিপিএ ৫.০০ স্কেলে নূন্যতম ২.০০ থাকতে হবে। এর নীচে ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

(৪) ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে যাদের বয়স ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে রয়েছে এমন প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৫) সরকারী, আধা সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারী মালিকানাধীন কোম্পানিতে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে অর্থাৎ অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের হার্ড কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাব্যবস্থাপক, পিএন্ডএ, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড, প্রধান কার্যালয় ভবন, এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২ বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

(৬) সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরন পূর্বক প্রার্থী নির্বাচন করা হবে। এক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নির্দেশনা/নীতিমালা অনুসরণ করে যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(৭) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের প্রবেশন সহ ০৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে পিজিসিবি'র চাকুরী বিধি অনুযায়ী চাকুরী নিশ্চিত করা হবে এবং ব্যক্তিগত কর্ম মূল্যায়নের ভিত্তিতে পরবর্তীতে চাকুরী চুক্তি নবায়ন করা হবে।

(৮) **কেবলমাত্র উপরে বর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণকে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। ব্যক্তিগত/শিক্ষাগত/কোটা ইত্যাদি সংক্রান্ত যে কোন তথ্য/দলিলাদি গোপন বা ভুল তথ্য প্রদান করে আবেদন করলে পরবর্তীতে তার আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে।**

(৯) পিজিসিবি কর্তৃপক্ষ এই নিয়োগ স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন ধরণের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(১০) যে কোন ধরনের তদবীর বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

মহাব্যবস্থাপক (পিএন্ডএ), অঃ দাঃ
পিজিসিবি